

03 May 2016

মোস্তাফিজুর রহমান চেয়ারম্যান শশাংক কুমার মহাসচিব



আপডেট: ১২:০০:০০ AM, মঙ্গলবার, মে ৩, ২০১৬

বাংলাদেশ গ্রন্থাগার ও তথ্যায়নবিদ সমিতির (বেলিড) দ্বিবার্ষিক সাধারণ সভা ১ মে ঢাকা আহছানিয়া মিশন অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। সভায় ড. মোঃ মোস্তাফিজুর রহমানকে চেয়ারম্যান ও শশাংক কুমার সিংহকে মহাসচিব করে বেলিডের ২০১৬-১৭ বছরের নতুন কমিটি গঠিত হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি হাজেরা রহমান, নমিতা আক্তার মুক্তি ও হুমায়ুন কবির, যুগ্ম সম্পাদক আলম হোসেন, কোষাধ্যক্ষ এ কে এম নুরুল আলম (অপু)। এছাড়া আহসান হাবীব সংস্থাপন সচিব, মোঃ শফিউর রহমান গবেষণা সচিব, কাজী ফরহাদ নোমান প্রকাশনা ও জনসংযোগ সম্পাদক, ড. মোঃ রেজাউল ইসলাম, মোঃ হোছাম হায়দার চৌধুরী, শামসুন্নাহার খান, রেজিনা আখতার, রেখা ইয়াসমিন, মোঃ ফজলুর রহমান ও মোঃ জাহাঙ্গীর আলম সদস্য নির্বাচিত হয়েছেন।

দিনব্যাপী আলোচনায় গত পরিষদের কার্য প্রতিবেদন, অর্থ প্রতিবেদন, বাজেট প্রস্তাবনা ইত্যাদি উপস্থাপিত হয়। অনুষ্ঠানে সংবিধান সংশোধনীবিষয়ক বিস্তারিত আলোচনা শেষে কিছু সংশোধনী গৃহীত হয়।

তিন সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন বেলিড কার্যকরী পরিষদ ২০১৬-১৭ নির্বাচন পরিচালনা করেন। বেলিডের বিভিন্ন সদস্যের কাছ থেকে প্রাপ্ত মনোনয়ন ও সমর্থনের ভিত্তিতে কমিটি নির্বাচন করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি